

২৬ মার্চ ২০২৪, টোকিও

## টোকিওতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন

নানা আয়োজনের মধ্য দিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন করেছে টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস।

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আজ সকালে (২৬ মার্চ, মঙ্গলবার) দূতাবাস প্রাঙ্গণে দিনের কার্যক্রম শুরু হয় জাতীয় সংগীতের সঙ্গে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে। প্রবাসী বাংলাদেশি ও দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে পতাকা উত্তোলন করেন জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ।

পরে মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়।

দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদের নেতৃত্বে উপস্থিত প্রবাসী বাংলাদেশি ও দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গবন্ধু পরিবারের শহিদ সদস্য ও মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের আত্মার শান্তি ও মাগফিরাত কামনা এবং দেশ ও জাতির কল্যাণে বিশেষ মোনাজাত করা হয়।

পরে মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়।

আলোচনা পর্বে রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের মহান স্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৯৭৫ সালের ১৫ই আগস্ট নিহত বঙ্গবন্ধু পরিবারের সদস্যদের, জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধের সকল শহিদ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং সন্ত্রাস হারানো সকল বীর মা-বোনদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি উপস্থিত সবাইকে স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানান।

রাষ্ট্রদূত বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরলস পরিশ্রম ও প্রাজ্ঞ নেতৃত্বে বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতি আজ সমগ্র বিশ্বে স্বীকৃত। তিনি উন্নয়নের এই ধারাবাহিকতা রক্ষা ও প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে একটি উন্নত, সমৃদ্ধ ও জ্ঞানভিত্তিক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে অবদান রাখার আহ্বান জানান।

সন্ধ্যায় টোকিওর নিউ ওতানি হোটেলে স্বাধীনতা দিবস উপলক্ষে সংবর্ধনা অনুষ্ঠান ও নৈশভোজের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাপানের জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী সুগে ইয়ুশিফুমি। জাপানের রাজনৈতিক নেতৃবৃন্দ, উর্ধ্বতন কর্মকর্তাগণ, চেম্বার প্রতিনিধি, টোকিওর বিভিন্ন মিশনের রাষ্ট্রদূত ও কূটনীতিক এবং বাংলাদেশ কমিউনিটির সদস্যগণ অনুষ্ঠানে যোগ দেন।

রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ ও তার সহধর্মিণী শাহিনা আক্তার অনুষ্ঠানে প্রধান অতিথি ও অন্যান্য অতিথিদের স্বাগত জানান।

দিবসটি উপলক্ষে জাপানের স্থানীয় পত্রিকায় বিশেষ ক্রোড়পত্রও প্রকাশ করা হয়।

26 March 2024, Tokyo

### **Independence Day and National Day 2024 Celebrated in Tokyo**

Bangladesh Embassy in Tokyo has celebrated the Great Independence and National Day 2024 with much enthusiasm and fervor.

This morning (26 March, Tuesday) the program started with hoisting of the National Flag with rendition of the National Anthem at the Embassy premises by the Ambassador of Bangladesh to Japan Shahabuddin Ahmed. Later one-minute silence of respect was observed in the memory of the martyrs of the war of independence of Bangladesh in 1971.

Later, the invited guests including Bangladeshi expatriates in Japan and the Embassy officials led by Ambassador Shahabuddin Ahmed laid floral wreaths on the portrait of Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman at the Bangabandhu auditorium.

After that, a special prayer was offered for the peace and forgiveness of the souls of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, the martyred members of the Bangabandhu family, the martyrs of the Great Liberation War and for the welfare of the country and the nation.

Besides, messages given on the Independence Day by the President, Prime-Minister and Foreign Minister were read out to the audiences.

In the discussion session, Ambassador Shahabuddin Ahmed solemnly recalled and paid tribute to the greatest Bengali of all time, the architect of Bangladesh, Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman and his family members who died on 15 August 1975. He also paid homage to the martyrs of our liberation war, national four leaders, organizers and supporters of liberation war and sacrifices made by the two lacs women who lost their dignity and honor for the country. He said, due to Prime Minister's hard work and prudent leadership, Bangladesh's development and progress are now recognized worldwide. The ambassador urged all concerned to contribute more from their respective positions to implement the 'Vision 2041' declared by Prime Minister Sheikh Hasina to turn Bangladesh into a developed, prosperous and knowledge based smart country.

In the evening, the Independence Day reception program and dinner was held at the New Otani Hotel in Tokyo. Japan's State Minister for Foreign Affairs Tsuge Yoshifumi was the chief guest at the event. Japanese political leaders, senior officials, chamber representatives, ambassadors and diplomats from various missions in Tokyo and members of the Bangladesh community attended the event. Ambassador Shahabuddin Ahmed and his wife Shahina Akther welcomed the chief guest and other guests on the occasion.

Special supplements were also published in Japanese local newspapers on the Independence Day.